শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

# কুতুবদিয়া উপজেলা পরিষদ

জেলাঃ কক্সবাজার

www.kutubdia.coxsbazar.gov.bd

## কুতুবদিয়া উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২১ মাসের সাধারণ সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব মোঃ ফরিদুল ইসলাম চৌধুরী<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া, কক্সবাজার। |
| সভার তারিখ | ঃ ২৮/১২/২০২১ খ্রিষ্টাব্দ। |
| সময় | ঃ সকাল- ১১.০০ টা। |
| স্থান | ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, কুতুবদিয়া। |
| সভার উপস্থিতি | ঃ পরিশিষ্ট 'ক ও 'খ'-তে দ্রষ্টব্য। |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ নুরের জামান চৌধুরী গত ২৯ নভেম্বর' ২০২১ তারিখ অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। বর্নিত কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় উপস্থিত সকলের সম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা প্রকৌশল অফিসঃ**<br>ক) আনসার সদস্যের ব্যারাক ও বঙ্গবন্ধু শেখ মুজিব ম্যুরাল নির্মাণ:<br>উপজেলা প্রকৌশলী জানান, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের ব্যারাক নির্মাণ কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। এছাড়াও উপজেলা পরিষদ চত্বরে "বঙ্গবন্ধু শেখ মুজিব" ম্যুরাল নির্মাণ কাজ বাস্তবায়নের জন্য কোটেশনের মাধ্যমে ঠিকাদার নির্বাচন করা হয়েছে, দ্রুত কার্যাদেশ প্রদান করা হবে। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ক) বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের ব্যারাক নির্মাণ কাজ এবং উপজেলা পরিষদ চত্বরে "বঙ্গবন্ধু শেখ মুজিব"ম্যুরাল নির্মাণ কাজ দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী'কে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি কুতুবদিয়া |
| | (খ) উপজেলা প্রকৌশলী চলতি ২০২১-২২ অর্থ বছরে উপজেলা সমূহের জন্য উন্নয়ন সহায়তা থোক বরাদ্দ ও উপজেলা পরিষদের স্থানান্তরিত এডিপির অনুকূলে গত ২৬/১২/২০২১ইং তারিখ অনুষ্ঠিত প্রকল্প বাছাই কমিটির সভায় গৃহীত স্কীম তালিকা সভায় পাঠ করে শুনান। | বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br>(খ-১) ২৬/১২/২০২১ইং তারিখ অনুষ্ঠিত প্রকল্প বাছাই কমিটির সভায় সুপারিশকৃত স্কীম সমূহ বাস্তবায়নের জন্য সর্বসম্মতক্রমে অনুমোদন করা হয়।<br>(খ-২) গৃহীত স্কীম তালিকায় বর্ণিত স্কীম সমূহ হালনাগাদ পরিদর্শন করে প্রাক্কলন প্রস্তুত করে উপজেলা পরিষদের অনুমোদনক্রমে স্কীম সমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী' কে অনুরোধ করা হয়। | (খ-১/২) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কুতুবদিয়া |

| ইউনিয়নের নাম | ক্রঃ নং | স্কীমের নাম | উপ-বরাদ্দ (লক্ষ টাকায়) | স্কীম বাস্তবায়ন পদ্ধতি |
|---|---|---|---|---|
| বার্ষিক উন্নয়ন সহায়তা থোক বরাদ্দের অনুকূলে গৃহীত স্কীম তালিকা | | | | |
| খাতঃ কৃষি ও সেচ | | | | |
| উত্তর ধুরুং | ১. | মুহাসিরাজ সরকারী প্রাথমিক বিদ্যালয় সড়কে বন্যা নিরোধক গাইডওয়াল নির্মান | ২.০০ | পিআইসি |
| দক্ষিণ ধুরুং | ২. | বালু হালদা সড়কে পানি নিষ্কশনের ড্রেইন কালভার্ট নির্মান | ১.৫০ | পিআইসি |
| লেমশীখালী | ৩. | মাস্টার নাজিম উদ্দিন সড়কে বন্যা নিরোধক গাইডওয়াল নির্মান। | ২.০০ | পিআইসি |
| | ৪. | খইস্যার পাড়া সড়কে বন্যা নিরোধক গাইডওয়াল নির্মান। | ২.০০ | পিআইসি |
| | ৫. | রাজাখালী সড়ক থেকে পুর্বদিকে নাজেম উদ্দিন সড়কে কালভার্টের উভয় দিকে বন্যানিরোধক গাইড ওয়াল নির্মান | ২.০০ | টেন্ডার |
| কৈয়ারবিল | ৬. | মোক্তারের বাড়ীর পুর্ব সীমানা হতে পশ্চিমে আবু শামার বাড়ী পর্যন্ত পানি নিষ্কাশনের ড্রেইন নির্মান। | ৩.০০ | টেন্ডার |
| বড়ঘোপ | ১১. | উত্তর আমজাখালী (ষ্টীমারঘাট) জামে মসজিদ সংলগ্ন ফজল করিম বাড়ী রাস্তায় বন্যা নিরোধক গাইডওয়াল নির্মান। | ২.৫০ | টেন্ডার |
| আলী আকবর ডেইল | | হাজী তজর আলীর বাড়ী হতে হাজী জালাল আহমদের বাড়ী পর্যন্ত বন্যা নিরোধক গাইড ওয়াল নির্মাণ | ২.০০ | পিআইসি |
| | | উপমোট= | ১৭.০০ | |

Scanned with CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | খাতঃ পরিবহন ও যোগাযোগ | | |
| উত্তর ধুরুং | ১. | ছাইন্দার পাড়া সড়ক আরসিসি দ্বারা উন্নয়ন (শাকের উল্লাহর বাড়ী হইতে আরম্ভ) | ১৩.০০ | টেন্ডার |
| দক্ষিণ ধুরুং | ২. | আশাহাজীর পাড়া সড়ক আরসিসি দ্বারা উন্নয়ন । | ১০.০০ | টেন্ডার |
| | ৩. | পশ্চিম আলী ফকির ডেইল ধুপীপাড়া সড়ক উন্নয়ন | ২.০০ | পিআইসি |
| | ৪. | পূর্ব আলী ফকির ডেইল সড়কে জামে মসজিদের পার্শ্বে গাইডওয়াল নির্মাণ | ২.০০ | টেন্ডার |
| | ৫. | মধ্যম ধুরুং কাচা করবস্থানের পার্শ্বে গাইডওয়াল নির্মাণ | ২.০০ | পিআইসি |
| লেমশীখালী | ৬. | জালাল উদ্দিন সরকারী প্রাথমিক বিদ্যালয় সড়কে গাইডওয়াল নির্মান ও রাস্তা উন্নয়ন। | ৩.০০ | টেন্ডার |
| | ৭. | লুৎফার পাড়া সংযোগ সড়ক(অবশিষ্টাংশ) ব্রিক সলিং দ্বারা উন্নয়ন ও গাইডওয়াল নির্মান । | ৪.০০ | টেন্ডার |
| | ৮. | আশা বাপের পাড়া (মৌং শাকের উল্লাহর পুরাতন বাড়ী সড়ক) ব্রিক সলিং দ্বারা উন্নয়ন । | ৩.০০ | টেন্ডার |
| | ৯. | হাবিব হাজী পাড়া ( করিম সিকদার পাড়া) রোড ডাবল ব্রিক সলিং দ্বারা উন্নয়ন | ২.০০ | টেন্ডার |
| কৈয়ারবিল | ১০. | কৈয়ারবিল সরকারী প্রাথমিক বিদ্যালয় সড়ক আরসিসি দ্বারা উন্নয়ন | ৩.০০ | টেন্ডার |
| | ১১. | মলমচর বেড়ীবাধ হতে আমির হোছাইনের বাড়ী পর্যন্ত রাস্তা ডাবল ব্রিক সলিং দ্বারা উন্নয়ন । | ১.৫০ | টেন্ডার |
| | ১২. | হাজী আবদু ছত্তার রাস্তা (ক্রসড্যাম সড়ক হতে আবদু ছত্তারের বাড়ী পর্যন্ত) ডাবল ব্রিক সলিং দ্বারা উন্নয়ন । | ২.৫০ | টেন্ডার |
| | ১৩. | একাডেমী মাদ্রাসা সড়ক মেরামত । | ২.০০ | পিআইসি |
| বড়ঘোপ | ১৪. | এরশাদ আলী মাতবর সড়কে গাইডওয়াল নির্মান (১ম অংশ) | ২.০০ | পিআইসি |
| | ১৫. | এরশাদ আলী মাতবর সড়কে গাইডওয়াল নির্মান (২য় অংশ) | ২.০০ | পিআইসি |
| | ১৬. | মাষ্টার নুর আহমদ সরকারী প্রাথমিক বিদ্যালয় সড়কে গাইডওয়াল নির্মান । | ২.০০ | পিআইসি |
| | ১৭. | উত্তর বড়ঘোপ রশিদ আহমদের বাড়ীর পার্শ্বে কলেজ রোড সংযোগ সড়ক আরসিসি দ্বারা উন্নয়ন । | ২.০০ | টেন্ডার |
| | ১৮. | উত্তর আমজাখালী জামে মসজিদ সংলগ্ন সড়ক পুনবার্সন । | ২.০০ | টেন্ডার |
| | ১৯. | বড়ঘোপ-আলী আকবর ডেইল সড়ক হতে কাচারী পুকুর পাড়ে ইউনিয়ন ভূমি অফিস সংযোগ সড়ক আরসিসি দ্বারা উন্নয়ন | ২.০০ | পিআইসি |
| | ২০. | দক্ষিণ মাতবর পাড়া সড়কের বাকী অংশ আরসিসি দ্বারা উন্নয়ন । | ২.০০ | পিআইসি |
| | ২১. | গোলদার পাড়া জামে মসজিদ সড়ক আরসিসি দ্বারা উন্নয়ন । | ৩.০০ | টেন্ডার |
| | ২২. | আজম কলোনী জামে মসজিদ সড়ক আরসিসি দ্বারা উন্নয়ন । | ২.০০ | টেন্ডার |
| | ২৩. | পেতনার পাড়া-লাল ফকির পাড়া সড়কে বাকী অংশ আরসিসি দ্বারা উন্নয়ন । | ২.৭০ | টেন্ডার |
| | ২৪. | বড়ঘোপ আলী আকবর ডেইল সড়কে বঙ্গবন্ধু পাঠগার সংলগ্ন গাইডওয়াল নির্মান | ২.০০ | পিআইসি |
| | ২৫. | মাষ্টার তালেব উল্লাহ মডেল স্কুল এন্ড কলেজ সড়ক আরসিসি দ্বারা উন্নয়ন । | ২.০০ | টেন্ডার |
| আলী আকবর ডেইল | ২৬. | কিরন পাড়া সড়ক আরসিসি দ্বারা উন্নয়ন । | ৩.০০ | টেন্ডার |
| | ২৭. | পুর্ব আলী আকবর ডেইল-রোমাইপাড়া ক্রসিং সড়ক আরসিসি দ্বারা উন্নয়ন । | ৩.০০ | টেন্ডার |
| | ২৮. | আজম সড়ক সংলগ্ন নয়াপাড়া জামে মসজিদের পার্শ্বে গাইডওয়াল নির্মান । | ৩.০০ | টেন্ডার |
| | ২৯. | ছলিম উল্লাহর হেফজখানা হতে নাছিয়ার পাড়া জামে মসজিদ পর্যন্ত সড়ক আরসিসি দ্বারা উন্নয়ন ও ড্রেইন সংস্কার । | ২.০০ | টেন্ডার |
| | ৩০. | ফতেহ আলী সিকদার পাড়া সড়ক আরসিসি দ্বারা উন্নয়ন (আব্দু শুক্কুর এর বাড়ি হইতে উত্তর দিকে) | ২.০০ | পিআইসি |
| | | উপমোট= | ৮৮.৭০ | |
| | | খাতঃ শিক্ষার উন্নয়ন | | |
| উত্তর ধুরুং | ১. | আল ইমাম মাদ্রাসার উন্নয়ন | ২.০০ | টেন্ডার |
| লেমশীখালী | ২. | সতর উদ্দিন উচ্চ বিদ্যালয় মেরামত । | ৩.০০ | টেন্ডার |
| | | উপমোট= | ৫.০০ | |
| | | খাতঃ জনস্বাস্থ্য | | |
| কৈয়ারবিল | ১ | দরিদ্র জনসাধারনের মধ্যে বিতরনের জন্য আরসিসি স্লব লেট্রিন নির্মান | ২.০০ | পিআইসি |
| | | উপমোট= | ২.০০ | |
| | | খাতঃ বিবিধ | | |
| কেন্দ্রিয় স্কীম | ১. | উপজেলা নারী উন্নয়ন ফোরাম | ২.০০ | পিআইসি |
| | | উপমোট= | ২.০০ | |
| | | সর্বমোট | ১১৪.৭০ | |

Scanned with CamScanner

<table>
<tr>
<td>০২</td>
<td><u>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসঃ</u><br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, কাবিখা কর্মসূচির আওতায় যেসব রাস্তায় মাটির কাজ করা হচ্ছে, সেগুলো পরবর্তীতে ব্রিক সলিং দ্বারা উন্নয়ন করা হবে। টিআর ও কাবিখা প্রকল্পের ১ম পর্যায়ের বরাদ্দ ছাড় করা হয়েছে এবং কাজ চলমান রয়েছে। ২৮২০টি কম্বল বিতরন করা হয়েছে। ভূমিহীনদের ঘর নির্মাণের জন্য বড়ঘোপ ইউনিয়নের মুরালিয়া গ্রামের নির্ধারিত খাস জায়গায় কাজ করতে গেলে স্থানীয় কয়েকজন ব্যক্তি বাধা সৃষ্টির চেষ্টা করছে বিধায় পরিষদের সহযোগিতা কামনা করেন। উপজেলায় ২টি বীর নিবাসের মধ্যে বীরমুক্তিযোদ্ধা ভোলা নাথ এর নামে বরাদ্দকৃত ভবনের কাজ শেষ পর্যায়ে রয়েছে। অন্যটি বীর মুক্তিযোদ্ধা নুরুচ্ছফা এর নামে বরাদ্দ হওয়ার পর জায়গা সংকুলান না হওয়ায় এবং নির্ধারিত ক্যাটাগরীতে না পড়ার বিষয়টি সংশ্লিষ্ট কাজ মনিটরিং কমিটি উর্ধতন কতৃপক্ষকে অবহিত করেন। এছাড়াও, ২০২১-২০২২অর্থ বছরে "গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোন বন্ড" (এইচবিবি) করণ (২য় পর্যায়) প্রকল্পের আওতায় নিম্নোক্ত ৬টি প্রকল্প প্রস্তাব প্রেরণ করা হয়েছে। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>প্রকল্পের নাম</th><th>দৈর্ঘ্য (মিটার)</th></tr>
<tr><td>০১</td><td>শাহজাহান এর বাড়ি হইতে বিলকিছ এর বাড়ি পর্যন্ত রাস্তায় এইচবিবি করণ, উত্তর ধূরুং</td><td>১০০০মিঃ</td></tr>
<tr><td>০২</td><td>আবুল কালামের বাড়ি হইতে ফরিদুল আলমের বাড়ি পর্যন্ত রাস্তায় এইচবিবি করণ, দক্ষিণ ধূরুং</td><td>১০০০মিঃ</td></tr>
<tr><td>০৩</td><td>মীরাখালী রাস্তা হইতে উত্তর দিকের রাস্তায় এইচবিবি করণ, লেমশীখালী</td><td>১০০০মিঃ</td></tr>
<tr><td>০৪</td><td>ইদ্রিস এর বাড়ি হইতে উত্তর দিকে আবদুল মালেকের বাড়ি পর্যন্ত রাস্তায় এইচবিবি করণ, কৈয়ারবিল</td><td>১০০০মিঃ</td></tr>
<tr><td>০৫</td><td>আলী আকবর ডেইল ইউনিয়নের উত্তর সীমানা হইতে বড়ঘোপ ইউনিয়নের ০২নং ওয়ার্ডের এরশাদ সরকারি প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তা এইচবিবি করণ, বড়ঘোপ</td><td>১০০০মিঃ</td></tr>
<tr><td>০৬</td><td>বেড়িবাঁধ হইতে পশ্চিমে তাবালেরচর মোহাম্মদের বাড়ি পর্যন্ত রাস্তা এইচবিবি করণ, আলী আকবর ডেইল</td><td>১০০০মিঃ</td></tr>
</table></td>
<td>বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:<br>ক) টিআর/কাবিখা প্রকল্পের কাজ যথাযথভাবে বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খ) ভূমিহীনদের জন্য গৃহ নির্মাণ প্রকল্পের কাজে বাধা প্রদানকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার'কে অনুরোধ করা হয়।<br><br>গ) বীর নিবাস প্রকল্পের কাজ সঠিক ভাবে বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>ক-খ) উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কুতুবদিয়া</td>
</tr>
<tr>
<td>০৩</td>
<td><u>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসঃ-</u><br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান, কুতুবদিয়া উপজেলার ৪০ হাজার শিক্ষার্থীকে করোনা টিকা দেয়া হবে। কিন্তু ফাইজার টিকা সার্বক্ষনিক রেফ্রিজারেশনে রাখতে হয়। ফলে কক্সবাজার থেকে এসি পরিবহণ যোগে কুতুবদিয়ায় টিকা এনে হাসপাতালে সংরক্ষণ করা খুবই ব্যয় বহুল ও কষ্টসাধ্য হয়ে পড়বে। এবিষয়ে সভাপতি জানান, প্রয়োজনীয় টিকা এসি পরিবহন যোগে কুতুবদিয়ায় এনে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের হিমাগারে সংরক্ষনের ব্যবস্থা করতে হবে। কুতুবদিয়া উপজেলায় সার্বক্ষনিক বিদ্যুৎ সরবরাহ না থাকায় জেনারেটরের সাহায্যে বিকল্প বিদ্যুতের ব্যবস্থা করার এবং কক্সবাজার থেকে টিকাগুলো কুতুবদিয়া উপজেলায় আনার পরিবহন ব্যয় নির্বাহের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান, জনাব ডাঃ শাহ মোহাম্মদ এমরান এর ভুল চিকিৎসার কারণে ২জন রোগী মৃত্যুশয্যায় হওয়ার বিষয়টি গত কয়েকদিন পূর্বে সামাজিক যোগাযোগ মাধ্যমে ও স্থানীয় অনলাইন পত্রিকায় প্রচারিত হওয়ার পর এলাকার মানুষের মধ্যে মিশ্র প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে। তাই বর্ণিত বিষয়ে একটি তদন্ত কমিটি গঠনের প্রস্তাব করেন।<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান, স্বাস্থ্য ও তিনি নভেম্বর/২০২১ মাসের প্রতিবেদন নিম্নোক্তভাবে পেশ করেন: শিশুটিকা- ৪৩৬,হার- ১২১%, পেন্টা ১ম ডোজ- ৪৩১, অর্জিত হার- ১২০%, পেন্টা ২য় ডোজ- ৪০৬, অর্জিত হার- ১১২%, পেন্টা ৩য় ডোজ- ৪৩১, অর্জিত হার- ১২০%, হাম অর্জিত সংখ্যা- ৪৭১, অর্জিত হার- ১৩১%, বহিঃবিভাগের মোট রোগী- ৪২৪১ জন</td>
<td>বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:<br>ক) কুতুবদিয়া উপজেলার সকল শিক্ষার্থীদের কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানের সুবিধার্থে ফাইজার টিকা এসি পরিবহন যোগে কুতুবদিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আনার পরিবহন ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের "অপ্রত্যাশিত খাত" হতে পরিশোধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের হিমাগারে টিকাগুলো সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা'কে অনুরোধ করা হয়।<br>খ) জনাব ডাঃ শাহ মোহাম্মদ এমরান এর ভুল চিকিৎসার কারণে ২জন রোগী মৃত্যুশয্যায় হওয়ার বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য নিম্নোক্ত কমিঠি গঠন করা হয়।<br>১) জুনিয়র কনসালটেন্ট(শিশু), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কুতুবদিয়া। ---আহ্বায়ক<br>২) উপজেলা নির্বাহী অফিসারের প্রতিনিধি। ----- সদস্য।<br>৩) আবাসিক মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কুতুবদিয়া। ----- সদস্য।<br>৪) অফিসার ইনচার্জ, কুতুবদিয়া থানার প্রতিনিধি। ---- সদস্য।</td>
<td>ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী কর্মকর্তা/ উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, কুতুবদিয়া<br><br>খ) উপজেলা নির্বাহী অফিসার/ সংশ্লিষ্ট কমিটি</td>
</tr>
</table>

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| | (পুরুষ- ১৩৩২, মহিলা- ১৩৯৬, শিশু- ১৫১৩), অন্তঃবিভাগে ভর্তি রোগী- ১৪৫৬ জন (পুরুষ- ২১৮, মহিলা- ৫৭৫, শিশু- ৬৬৩), জরুরী বিভাগ- ৭০২ জন (পুরুষ- ১৬৬, মহিলা- ২৩৪, শিশু- ৩০২) শয্যা ব্যবহারের হার: ৯৭%, হাসপাতালে মৃত রোগী-০০জন, প্রসব পূর্ব চেক আপঃ ৩৬৫ জন, নিরাপদ প্রসব- ৫৯টি, প্রসব পরবর্তী চেকআপ-১৪১টি, মোবাইল সেবা- ২১৫জন, মাইনর সার্জারী- ২৯১জন, স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম-হাসপাতাল সভা- ৮টি (পুরুষ- ৩২৫, মহিলা- ৪২০), কমিউনিটি ক্লিনিকে সেবা প্রাপ্ত রোগীর সংখ্যা: ৬৯০২জন। কোভিড-১৯ টিকাদানের জন্য রেজিষ্ট্রেশন- ৬৬১০৪ জন। কোভিড-১৯ টিকা প্রদানের তথ্য ২৭/১২/২০২১ইং তারিখ পর্যন্ত: (১) ১ম ডোজ টিকা প্রদান- ৬০,৪১১ জন ও ২য় ডোজ টিকা প্রদান- ৩৭,৩৩১জন। হাসপাতালে করোনা টিকা কার্যক্রম চলমান রয়েছে। প্রতি মঙ্গলবার, বুধবার ও বৃহস্পতিবার ১ম ডোজ দেয়া হবে। ২য় ডোজ দেয়ার ৬ মাস পর ৩য় ডোজ(বুষ্টার ডোজ) দেয়া যাবে। এছাড়াও সকল দপ্তরের সেবা গ্রহীতাদের টিকা গ্রহণের বিষয়টি নিশ্চিত করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | গ) সরকারি সুবিধাভোগী ও স্থানীয় জনসাধারণের কোভিড-১৯ টিকা গ্রহন নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।<br><br>ঘ) হাসপাতালে চিকিৎসা সেবার মান বৃদ্ধির ধারাবাহিকতা বজায় রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | গ) উপজেলার সকল দপ্তর প্রধানগণ<br><br>ঘ) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৪ | <u>উপজেলা কৃষি অফিসঃ</u><br>উপজেলা কৃষি কর্মকতার প্রতিনিধি জানান, চলতি রবি মৌসুমে চাহিদা অনুপাতে পর্যাপ্ত সারের মওজুদ রয়েছে। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, কুতুবদিয়া' কে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৫ | <u>উপজেলা মৎস্য অফিসঃ</u><br>উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি জানান, গত ০১ নভেম্বর থেকে আগামী ৩০ জুন পর্যন্ত জাটকা আহরণ, পরিবহন, মজুদ, ক্রয়-বিক্রয় ও বাজারজাতকরণ সম্পূর্ণ নিষিদ্ধ করা হয়েছে। সরকারি নিষেধাজ্ঞা বাস্তবায়নে নিয়মিত অভিযান অব্যাহত রয়েছে। ফিশিং বোটের ডাটাবেজ প্রস্তুতের কাজ চলমান রয়েছে। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে ফিশিং বোটের ডাটাবেজ প্রস্তুতের অগ্রগতি বিষয়ে আগামী সভায় অবহিত করার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৬ | <u>উপজেলা প্রাণি সম্পদ অফিসঃ</u><br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তার প্রতিনিধি, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কুতুবদিয়া'কে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৭ | <u>উপজেলা সমাজ সেবা অফিসঃ</u><br>উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি জানান, বয়স্ক, বিধবা ও স্বামী পরিত্যাক্ত ভাতার ২য় কিস্তির পে-রোল প্রেরণ করা হয়েছে। আগামী ০২ জানুয়ারি জাতীয় সমাজসেবা দিবস-২০২২ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে সকলের উপস্থিতি কামনা করেন। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে । | বিস্তারিত আলোচনান্তে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৮ | <u>উপজেলা শিক্ষা অফিসঃ</u><br>উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান, ১ম ও ২য় শ্রেণির নতুন বই পাওয়া গেছে। এবারে আনুষ্ঠানিক ভাবে বই সপ্তাহ পালন না করার নির্দেশনা রয়েছে। বিভাগীয় আলোচনায়, মধ্য আলী আকবর ডেইল প্রাথমিক বিদ্যালয়ের সীমানা বিরোধ দ্রুত নিষ্পত্তির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>সভাপতি, উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটির সভা আহ্বানের প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:<br>ক) মধ্য আলী আকবর ডেইল প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন হাফেজখানা ও ফোরকানিয়া মাদ্রাসার ছাত্র/ছাত্রী এবং ১০টি পরিবারের লোকজনের চলাচলের পথ খুলে দেয়ার বিষয়ে বিগত সভার সিদ্ধান্তের আলোকে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>খ) উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটির সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | ক-খ) উপজেলা শিক্ষা কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৯ | <u>পরিবার পরিকল্পনা অফিসঃ</u><br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসের দাখিলকৃত নভেম্বর/২০২১ মাসের অগ্রগতি প্রতিবেদনঃ মোট সক্ষম দম্পতি- ২৪৬২৯, পদ্ধতি গ্রহীতা- ১৯১১০ (খাবার বড়ি- ৭৯২৭, কনডম-৭৭৬, ইনজেকশন- ৬৭৪৬, আইইউডি- ৩৬৩ (চলতি মাসে-২৬জন), ইমপ্লানন-২৪২৪ (চলতি মাসে-১৬জন), স্থায়ীপদ্ধতি (পুরুষ-২৮২, চলতি মাসে- ০০জন) (মহিলা-৫৯২,চলতি মাসে-০০জন), সিএআর-৭৭.৫৯%, | জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কুতুবদিয়া |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| | নিবন্ধিত মোট গর্ভবতীর সংখ্যা- ৮৫০, সাধারণ রোগীর সেবা- ৪১৩৪ (পুরুষ-১২৪৮,মহিলা-২৮৮৬), গর্ভকালীন সেবা- ১৮৫৩, গর্ভোত্তর সেবা-৩৭৮, জীবিত জন্মের সংখ্যা মোট- ৮৭ (প্রশিক্ষণ প্রাপ্ত ব্যক্তি দ্বারা- ৫৫, প্রশিক্ষণবিহীন ব্যক্তিদ্বারা- ৩২), ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে স্বাভাবিক প্রসব-৫৫টি। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে মর্মে উপস্থিত কর্মকর্তা জানান । | | |
| ১০ | <u>উপজেলা পল্লী উন্নয়ন অফিসঃ</u><br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি জানান, তাঁর বিভাগীয় কার্যক্রম যথা নিয়মে পরিচালিত হচ্ছে। আলোচনায়, উপজেলা নির্বাহী অফিসার জানান, পল্লী উন্নয়ন বোর্ডের আওতাধীন "জোড়া বাড়ি" ভবনটি দীর্ঘদিনের পুরনো ও জরাজীর্ণ অবস্থায় রয়েছে। ভবনটি দ্রুত সংস্কার বা মেরামত যোগ্য না হলে পরিত্যক্ত ঘোষণা করা প্রয়োজন। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, উপজেলার "জোড়া বাড়ি" ভবনের বিষয়টি আগামী সভায় উপস্থাপনের জন্য এবং জনস্বার্থে বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কুতুবদিয়া |
| ১১ | <u>উপজেলা সমবায় অফিসঃ</u><br>উপজেলা সমবায় কর্মকর্তা জানান, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন। | জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় কর্মকর্তা'কে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, কুতুবদিয়া |
| ১২ | <u>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিসঃ</u><br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান, পূর্বে বরাদ্দকৃত নলকুপ স্থাপন কাজ চলমান রয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে নতুনভাবে বরাদ্দ প্রাপ্ত তারা গভীর, গভীর ও অগভীর নলকুপের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে বরাদ্দকৃত নলকুপ সমূহ ধারাবাহিকভাবে যথা সময়ের মধ্যে স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কুতুবদিয়া |
| ১৩ | <u>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসঃ</u><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান, ২০২২ শিক্ষাবর্ষে মোট ২০২৯২৪টি বইয়ের চাহিদা রয়েছে। তন্মধ্যে মাধ্যমিক স্তরে- (৬০৭৫৫টি) ৪৩% এবং মাদ্রাসা স্তরে (২৬৯৭০টি) ৪৫% নতুন বই পাওয়া গেছে। অবশিষ্ট নতুন বই দ্রুত পৌছার সম্ভাবনা রয়েছে। বার্ষিক পরীক্ষা ও এসএসসি পরীক্ষার রেজাল্ট প্রকাশ করা হয়েছে। ভর্তির লটারী শেষ হয়েছে। শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম চলমান রয়েছে। আগামী ২৯-৩০ ডিসেম্বর তারিখে অনুষ্ঠিতব্য জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ-২০২১ এ সকলের উপস্থিতি কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে সকল শিক্ষা প্রতিষ্ঠানে যথাসময়ে নতুন বই সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা'কে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কুতুবদিয়া |
| ১৪ | <u>উপজেলা রেঞ্জ অফিসঃ</u><br>উপজেলা রেঞ্জ কর্মকর্তা জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। নতুন বাগান সৃজনের কাজ আগামী বছরের শুরুতে আরম্ভ হবে। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা রেঞ্জ কর্মকর্তা'কে অনুরোধ করা হয়। | উপজেলা রেঞ্জ কর্মকর্তা, কুতুবদিয়া |
| ১৫ | <u>উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ</u><br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকতার প্রতিনিধি, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন। | জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা' কুতুবদিয়া |
| ১৬ | <u>উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ</u><br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, চলতি মাসে ১,১৭,৪৫৭/- টাকা ঋণ আদায় হয়েছে। জনবল সংকট রয়েছে। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | বিস্তারিত আলোচনান্তে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কুতুবদিয়া' কে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কুতুবদিয়া |
| ১৭ | <u>উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের অফিস ঃ</u><br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কুতুবদিয়ার প্রতিনিধি তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখারসহ পর্যাপ্ত খাদ্য শস্য সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বড়ঘোপ খাদ্য গুদাম, কুতুবদিয়া'কে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কুতুবদিয়া |
| ১৮. | <u>বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো)ঃ</u><br>আবাসিক প্রকৌশলী, বিউবো, কুতুবদিয়া সভায় অনুপস্থিত থাকায় তাঁর দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | মাসিক সভায় নিয়মিত উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার জন্য আবাসিক প্রকৌশলী, বিউবো, কুতুবদিয়া'কে অনুরোধ করা হয়। | আবাসিক প্রকৌশলী, বিউবো, কুতুবদিয়া |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৯. | **বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো)ঃ**<br>উপ-বিভাগীয় প্রকৌশলী, বাপাউবো, কুতুবদিয়া জানান, আলী আকবর ডেইল বায়ু বিদ্যুৎ সংলগ্ন বেড়ীবাধ মেরামত কাজের গতি বাড়ানো হয়েছে। বড়ঘোপের অমজাখালী, কৈয়ারবিল ইউনিয়নের মলমচর ও দক্ষিণ ধূরুং এলাকায় কাজ চলমান রয়েছে। লেমশীখালী ইউনিয়নের বেড়ীবাধে ঝুঁকিপুর্ণ পয়েন্ট জরুরী মেরামত করা হয়েছে। বেড়ীবাধের উপরের অবৈধ স্থাপনা অপসারনে স্থানীয় চেয়ারম্যান ও উপজেলা প্রশাসনের সহযোগিতা কামনা করেন। আলোচনায়, ইউপি চেয়ারম্যানগণ জানান, বেড়ীবাধ মেরামতের সময় যাতে নির্দিষ্ট দূরে থেকে মাটি সংগ্রহ করা হয়। বর্ণিত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে বেড়ীবাধের ঝুঁকিপুর্ণ পয়েন্টে জরুরী মেরামতের কাজ দ্রুত সমাপ্ত করার জন্য এবং বেড়ীবাধের পার্শ্ব থেকে মাটি সংগ্রহ না করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-বিভাগীয় প্রকৌশলী, বাপাউবো, কুতুবদিয়া' কে অনুরোধ করা হয়। | উপ-বিভাগীয় প্রকৌশলী, বাপাউবো, কুতুবদিয়া |
| ২০. | **ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক ঃ**<br>ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কুতুবদিয়া জানান, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কুতুবদিয়া' কে অনুরোধ করা হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কুতুবদিয়া |
| ২১. | **তথ্য আপা প্রকল্পঃ**<br>তথ্য আপা কর্মকর্তা, কুতুবদিয়া, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন। | জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার তথ্যসেবা কর্মকর্তা, তথ্য কেন্দ্র, তথ্য আপা প্রকল্প, কুতুবদিয়াকে অনুরোধ করা হয়। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য কেন্দ্র, কুতুবদিয়া |
| ২২ | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পঃ**<br>ক) ৪র্থ পর্যায়ে (২০১৯-২০২০) গৃহীত উপ-প্রকল্প বাস্তবায়নঃ<br>জনাব জামাল উদ্দিন, ইউডিএফ জানান, ইউজিডিপি প্রকল্পের আওতায় ৪র্থ পর্যায়ে (২০১৯-২০২০) গৃহীত ০৬টি সক্ষমতা বৃদ্ধিমূলক উপ-প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে। এছাড়াও ০২টি অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের টেন্ডার আহবান করা হয়েছে।<br>খ) ৫ম পর্যায়ে (২০২০-২০২১) গৃহীত উপ-প্রকল্প বাস্তবায়নঃ<br>জনাব জামাল উদ্দিন, ইউডিএফ জানান, ইউজিডিপি প্রকল্পের আওতায় ৫ম পর্যায়ে (২০২০-২০২১) প্রাপ্ত বরাদ্দের বিপরীতে গত ৩০/০৯/২০২১ইং তারিখে অনুষ্ঠিত পরিষদের মাসিক সভার সিদ্ধান্তক্রমে গৃহীত ০৬টি সক্ষমতা বৃদ্ধিমুলক উপ-প্রকল্প এবং ০১টি অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য চুড়ান্ত অনুমোদন পাওয়া গিয়াছে এবং সক্ষমতা বৃদ্ধিমুলক উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য অগ্রিম অর্থ ছাড় করা হয়েছে। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>গ) জনাব জামাল উদ্দিন, ইউডিএফ জানান, উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে উপজেলা পরিষদের ১৭টি ও ইউনিয়ন পরিষদের ১৩টি স্থায়ী কমিটি সমুহের সভা এবং ইউডিসিসি সভা নিয়মিত ভাবে আয়োজন করে সংশ্লিষ্ট সকলের নিকট সভার কার্যবিবরণী প্রেরণ করার অনুরোধ জানান। এছাড়াও উপজেলা ও ইউনিয়ন পরিষদের সিটিজেন চার্টার পরিষদের সামনে টাঙ্গানো ও ওয়েব পোর্টালে আপলোড করা এবং বার্ষিক ও পঞ্চবার্ষিকী বাজেট ওয়েব পোর্টালে আপলোডসহ ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:<br>(২২/ক) ৪র্থ পর্যায়ে (২০১৯-২০২০) গৃহীত ০২টি অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের কাজ সহসা টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে যথাসময়ে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী'কে অনুরোধ করা হয়।<br>২২/খ) ৫ম পর্যায়ে (২০২০-২০২১) বরাদ্দ প্রাপ্ত ১০ লক্ষ টাকার বিপরীতে গৃহীত ৬টি সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প এবং ৪০ লক্ষ টাকার বিপরীতে ০১টি অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২২/গ) পরিষদের কার্যক্রমকে গতিশীল করার লক্ষ্যে স্থায়ী কমিটির মিটিং নিয়মিতভাবে আয়োজন করার এবং সকল তথ্য ওয়েব পোর্টালে আপলোড ও নিয়মিত হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | ২২/ক) উপজেলা প্রকৌশলী,এলজিইডি কুতুবদিয়া<br>২২/খ) উপজেলা প্রকৌশলী,এলজিইডি কুতুবদিয়া/ ইউডিএফ, ইউজিডিপি,কুতুবদিয়া<br>২২/গ) উপজেলা প্রকৌশলী,এলজিইডি কুতুবদিয়া/ ইউডিএফ, ইউজিডিপি,কুতুবদিয়া |
| ২৩ | **পল্লী জীবিকায়ন অফিসঃ**<br>উপজেলা পজীপ কর্মকর্তা জানান, তাঁর দপ্তরে ৯০ লক্ষ টাকা ওবার ডিও ছিল। বর্তমানে তা ৭৫ লক্ষ টাকায় নেমে এসেছে। আগামী ২ মাসের মধ্যে নতুন ফান্ড আসার সম্ভাবনা রয়েছে। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা পজীপ কর্মকর্তা, কুতুবদিয়াকে অনুরোধ করা হয়। | উপজেলা পজীপ কর্মকর্তা |
| ২৪ | **উপজেলা আনসার ও ভিডিপি অফিসঃ**<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে মর্মে জানান। বিভাগীয় আলোচনায় উপজেলা নির্বাহী অফিসার জানান, মহান বিজয় দিবস-২০২১ এর ডিসপ্লে-তে অংশ নেয়া আনসার সদস্যদের ইউনিটটি অনেক দুর্বল ছিল। তাই আনসার সদস্যদের সার্বক্ষনিক একটিভ রাখার বিষয়ে আলোচনা করা হয়। | জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখা ও সরকারি অনুষ্ঠানসহ যেকোন গুরুত্বপুর্ণ কাজে দায়িত্ব প্রদানের নিমিত্তে আনসার সদস্যদের প্রস্তুত রাখার জন্য উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কুতুবদিয়াকে অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কুতুবদিয়া |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| ২৫ | **উপজেলা পরিষদঃ**<br>ক) উপজেলা পরিষদের মালিকানাধীন জায়গায় মার্কেট নির্মানঃ<br>উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কুতুবদিয়া কর্তৃক কুতুবদিয়া উপজেলা পরিষদের মালিকানাধীন জায়গায় দোকান ঘর/বাণিজ্যিক মার্কেট নির্মাণের নিমিত্তে ২,৬৭,০২,১৮৬/= টাকার প্রাক্কলন ও মার্কেটের ডিজাইনসহ সভায় উপস্থাপন করেন। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ক) বিস্তারিত আলোচনান্তে, কুতুবদিয়া উপজেলা পরিষদের মালিকানাধীন জায়গায় দোকান ঘর/বাণিজ্যিক মার্কেট নির্মাণের নিমিত্তে উপস্থাপিত কারিগরি প্রতিবেদন, মার্কেটের ডিজাইনসহ ২,৬৭,০২,১৮৬/= টাকার প্রাক্কলন সর্বসম্মতভাবে অনুমোদন করা হয় এবং বর্ণিত প্রাক্কলন চূড়ান্ত অনুমোদনসহ প্রশাসনিক অনুমতি পাওয়ার নিমিত্তে উর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী,এলজিইডি কুতুবদিয়া |
| | খ) বাসা বরাদ্দ/ভাড়া আদায় প্রসঙ্গেঃ<br>উপজেলা প্রকৌশলী জানান, গত ০৯/১২/২০২১ইং তারিখে উপজেলা পরিষদের বাসা বরাদ্দ কমিটির সভা অনুষ্ঠিত হয়। বর্ণিত সভার সিদ্ধান্ত সমূহ সভায় পাঠ করে শুনান। এতে উপজেলা পরিষদ নিয়ন্ত্রণাধীন আবাসিক কোয়াটার ও ডরমেটরী ভবনের ভাড়া নিয়মিত আদায় ও বরাদ্দ ছাড়া কোয়াটার/ডরমেটরীতে অবস্থানরত কর্মকর্তা/কর্মচারীদের নামে বরাদ্দ প্রদানসহ বকেয়া ভাড়া আদায়ের ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | খ/১) বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদের নিয়ন্ত্রনাধীন আবাসিক কোয়াটারে অবস্থানরত কর্মকর্তা-কর্মচারীদের নিয়মিত ভাড়া পরিশোধ নিশ্চিত করা সহ খালি বাসা/ডরমেটরীর সিট বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ/২) উপজেলা পল্লী জীবিকায়ন প্রকল্পে কর্মরত মাঠ সংগঠক (১) জনাব মোহাম্মদ নাছির উদ্দিন ও (২) জনাব আবুল হোসেন এর নামে বরাদ্দকৃত বাসার ভাড়া দীর্ঘদিন থেকে বকেয়া থাকায় তাদের নামে বরাদ্দকৃত বাসা বাতিলসহ বকেয়া ভাড়া আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | খ) উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী,এলজিইডি কুতুবদিয়া |
| | গ) উপজেলা পরিষদের জীপ গাড়ী মেরামতঃ<br>কুতুবদিয়া উপজেলা পরিষদের জীপ গাড়ীর বড়ির নিচের অংশ, চেসিস ও দরজা ইত্যাদি দ্রুত মেরামত করা প্রয়োজন। এবিষয়ে উপজেলা পরিষদের গাড়ী চালক জনাব মোঃ জাহাঙ্গীর আলম কর্তৃক দাখিলকৃত আবেদন সভায় উপস্থাপন করা হলে বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | গ) বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদের জীপ গাড়িটি সচল রাখার স্বার্থে জরুরী মেরামত কাজ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | গ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, কুতুবদিয়া |
| ২৬. | উন্মুক্ত আলোচনাঃ<br>১) জনাব আব্দুল হালিম, চেয়ারম্যান, উত্তর ধুরুং ইউপি জানান, আকবর বলীর ঘাট সঠিকভাবে রক্ষণাবেক্ষনের জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে সভার পক্ষ থেকে নির্দেশনা প্রদানের অনুরোধ জানান। বেড়ীবাধের ইমার্জেন্সি ওয়ার্কের কাজ টেকসই করার জন্য সভার পক্ষ থেকে সংশ্লিষ্টদের অনুরোধ জানান। | বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br>১/ক) আকবর বলী ঘাটের সঠিক রক্ষণাবেক্ষন করার জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে পত্রের মাধ্যমে অবহিত করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>১/খ) বেড়ীবাধের ইমার্জেন্সি ওয়ার্কের কাজ টেকসই করার জন্য উপ-বিভাগীয় প্রকৌশলী, বাপাউবো, কুতুবদিয়া'কে অনুরোধ করা হয়। | ১/ক) উপজেলা নির্বাহী অফিসার, কুতুবদিয়া<br>১/খ) উপ-বিভাগীয় প্রকৌশলী, বাপাউবো, কুতুবদিয়া |
| | ২) জনাব আলা উদ্দিন আল আজাদ, চেয়ারম্যান, দক্ষিণ ধুরুং ইউপি জানান, দক্ষিণ ধুরুং ইউনিয়নের ৭নং ওয়ার্ডে কোন সরকারি প্রাথমিক বিদ্যালয় নেই। বর্ণিত ওয়ার্ডের আশপাশের প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের সাথে যোগাযোগ করে এলাকাটি কোন বিদ্যালয়ের ক্যাচমেন্ট এরিয়ায় পড়েছে জানতে চাইলে কেউ সন্তোষজনক জবাব দিতে পারেনি। তাই দক্ষিণ ধুরুং ইউনিয়নের ৭নং ওয়ার্ডের সুবিধাজনক স্থানে একটি প্রাথমিক বিদ্যালয়ের স্থাপনের প্রস্তাব সভায় উপস্থাপন করেন। এবিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ২) দক্ষিণ ধুরুং ইউনিয়নের ৭নং ওয়ার্ডে একটি নতুন সরকারি প্রাথমিক বিদ্যালয় স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এবং বর্ণিত এলাকার ক্যাচম্যান্ট এরিয়া চিহ্নিত করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা'কে অনুরোধ করা হয়। | ২) উপজেলা শিক্ষা কর্মকর্তা, কুতুবদিয়া |
| | ৩) জনাব আকতার হোসেন, চেয়ারম্যান, লেমশীখালী ইউপি জানান, লেমশীখালী ইউনিয়নে কোন সরকার অনুমোদিত সার ডিলার নেই। এছাড়াও লেমশীখালী ইউনিয়নের ৪টি ওয়ার্ডে গ্রাম পুলিশের পদ শূন্যে মর্মে জানান। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৩) লেমশীখালী ইউনিয়নের জন্য একজন সার ডিলার নিয়োগ এবং গ্রাম পুলিশের শূন্য পদে লোক নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | ৩) উপজেলা নির্বাহী অফিসার, কুতুবদিয়া |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| | ৪) জনাব মোহাম্মদ আজমগীর মাতবর চেয়ারম্যান, কৈয়ারবিল ইউপি জানান, কৈয়ারবিল ইউনিয়নের প্রায় সম্পূর্ণ এলাকায় গভীর নলকূপে সুপেয় পানি পাওয়া যায়না। সরকার ইতিমধ্যে লক্ষ লক্ষ টাকা ব্যয়ে গভীর নলকূপের মাধ্যমে খাবার পানির সন্ধান করিলেও কোন সুফল পাওয়া যায়নি। তাই কৈয়ারবিল ইউনিয়নের বৃহত্তর জনসাধারণের সুপেয় পানির অভাব দূরীকরণের নিমিত্তে ডি-স্যালাইনেশন প্রকল্প গ্রহণ করার জন্য সভায় প্রস্তাব উপস্থাপন করেন। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৪) কৈয়ারবিল ইউনিয়নের জনসাধারণের সুপেয় পানির অভাব দূরীকরনের নিমিত্তে ডি-স্যালাইনেশন প্রকল্প গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থার জন্য উপজেলা প্রকৌশল (জনস্বাস্থ্য), কুতুবদিয়াকে অনুরোধ করা হয়। | ৪) উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য) কুতুবদিয়া |
| | ৫) জনাব আ.ন.ম শহীদ উদ্দিন, চেয়ারম্যান, বড়ঘোপ ইউপি জানান, বড়ঘোপ ইউনিয়নের অনুকুলে উপ-বরাদ্দকৃত ভিজিডি এবং গভীর নলকূপ দ্রুত ছাড় করার জন্য সভাপতির মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। ওয়ার্ডের ব্যাংকের অর্থায়নে বরাদ্দ প্রাপ্ত টয়লেট জনস্বার্থ বিবেচনায় বড়ঘোপ বাজারে স্থাপনের অনুরোধ জানান। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৫) বিস্তারিত আলোচনান্তে, বড়ঘোপ ইউনিয়ন পরিষদ কর্তৃক উপস্থাপিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়। | ৫) সংশ্লিষ্ট সকল |
| | ৬) জনাব আওরঙ্গজেব মাতবর, সভাপতি, কুতুবদিয়া উপজেলা আওয়ামীলীগ জানান, বেড়ীবাধের ইমারজেন্সি ওয়ার্কের কাজ করার সময় বেড়ীবাধের খুব নিকট থেকে (বার্ম ঠিক রাখতে হবে)যেন মাটি সংগ্রহ না করা হয় সে বিষয়ে সজাগ থাকতে হবে এবং বড়ঘোপ মিয়ার ঘোনায় নির্মানাধীন মুজিব কিল্লার নির্মাণ কাজে যে কোন লবনাক্ত পানি ব্যবহার না করা হয় তা নিশ্চিত করার অনুরোধ জানান। এছাড়াও জাতীয় দিবস সমূহে জনপ্রতিনিধিদের উপস্থিতি করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৬) সভাপতি, উপজেলা আওয়ামীলীগ, কুতুবদিয়া কর্তৃক উপস্থাপিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়। | ৬) সংশ্লিষ্ট সকল |
| | ৭) উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান, উত্তর ধূরুং ইউনিয়নের আফাজ উদ্দিন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠ ভরাট করার জন্য স্কীম গ্রহণের অনুরোধ জানান। | ৭) উপজেলা পরিষদের প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটির কার্যবিবরণীসহ প্রস্তাব প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ৭) সংশ্লিষ্ট সকল |
| | ৮) জনাব ওমর হায়দার, ভারপ্রাপ্ত কর্মকর্তা, কুতুবদিয়া থানা জানান, কুতুবদিয়া উপজেলার আইন শৃংখলা পরিস্থিতি সন্তোষজনক পর্যায়ে রয়েছে। যেসব ইউনিয়নে গ্রাম পুলিশের পদ খালী রয়েছে, তা দ্রুত পুরণ করার জন্য এবং গ্রাম পুলিশদের থানার হাজিরা নিয়মিত করার জন্য সভাপতির মাধ্যমে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এছাড়াও রাস্তায় দূর্ঘটনা রোধে শিশু ড্রাইভার ও যত্রতত্র গবাদি পশু ছেড়ে দেয়া রোধ করার প্রয়োজনীয় ব্যবস্থার জন্য স্থানীয় ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৮) কুতুবদিয়া উপজেলার আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার নিমিত্তে সকলকে আন্তরিকভাবে কাজ করার জন্য অনুরোধ করা হয়। | ৮) সংশ্লিষ্ট সকল |
| | ৯) উপজেলা নির্বাহী অফিসার জানান, বড়ঘোপ হাসপাতাল গেইটে রাস্তার দু-পাশের খালি অংশে গাড়ি পার্কিং করার ব্যবস্থা নিতে হবে। এছাড়াও কুতুবদিয়া উপজেলায় পর্যটকের যাতায়াত বৃদ্ধি পেয়েছে। তাই কোন পর্যটক যেন হয়রানির সম্মুখিন বা প্রতারনার স্বীকার না হয়, সে বিষয়ে সকলকে আন্তরিকভাবে কাজ করার অনুরোধ জানান। | ৯) কুতুবদিয়া উপজেলাকে পর্যটন এলাকা হিসেবে বিশ্ব দরবারে তুলে ধরার জন্য সকলকে আন্তরিক ভাবে দায়িত্ব পালনের অনুরোধ জানান। | ৯) সংশ্লিষ্ট সকল |
| ২৭. | **বিবিধঃ-মাসিক সভায় উপস্থিতি নিশ্চিত করণ প্রসঙ্গেঃ** উপজেলা নির্বাহী অফিসার জানান, সকল দপ্তরের কার্যক্রম মাসিক সভায় তুলে ধরাসহ সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাদের উপস্থিতি শতভাগ নিশ্চিত করা প্রয়োজন। কিন্তু অনেকে বিভিন্ন অজুহাতে মাসিক সভায় অনুপস্থিত থাকে। যা মোটেও কাম্য নয়। এছাড়াও কোন কর্মকর্তা ছুটিতে গেলে তা পরিষদকে অবহিত করতে হবে। এবিষয়ে উপস্থিত সকলে একমত পোষন করেন। | বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভা সহ যে কোন গুরুত্বপূর্ণ সভায় সকল দপ্তরের কর্মকর্তাদের উপস্থিতি নিশ্চিত করার এবং কোন কর্মকর্তা ছুটি থাকলে পরিষদকে অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ |

অতঃপর, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় মাসিক সভার গৃহীত সিদ্ধান্ত সমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে এবং সকলের সু-স্বাস্থ্য কামনা করে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ফরিদুল ইসলাম চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
কুতুবদিয়া, কক্সবাজার।

Scanned with CamScanner

স্মারক নং- ৪৬.৪২.২২৪৫.০০০.০৬.০০১.২০২১- ৬১,

তারিখঃ ২৮/১২/২০২১খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতির জন্যঃ-

০১। মাননীয় সংসদ সদস্য, ২৯৫, কক্সবাজার-২ সংসদীয় আসন, কক্সবাজার
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪। জেলা প্রশাসক, কক্সবাজার

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্যঃ-

১। জনাব মোঃ ফরিদুল ইসলাম চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া
২। সহকারী কমিশনার (ভূমি), কুতুবদিয়া, কক্সবাজার।
৩। জনাব হুমায়ুন কবির হায়দার, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া
৪। জনাবা হাছিনা আকতার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া
৫। চেয়ারম্যান (সকল), উত্তর ধূরুং/দক্ষিণ ধূরুং/লেমশীখালী/কৈয়ারবিল/বড়ঘোপ/আলী আকবর ডেইল ইউপি, কুতুবদিয়া
৬। উপজেলা........................................................ অফিসার(সকল), কুতুবদিয়া
৭। সংরক্ষিত মহিলা সদস্য, আসন-১/আসন-২, উপজেলা পরিষদ, কুতুবদিয়া, কক্সবাজার।
৮। জনাব................................................................ কুতুবদিয়া, কক্সবাজার
৯। সংরক্ষণ নথি।

২৮/১২/২১

(মোঃ নুরের জামান চৌধুরী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কুতুবদিয়া, কক্সবাজার

Scanned with CamScanner